REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 03-11-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

(১) রাজ্যে পুর নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ পর্যন্ত মোট ২৯১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

(২) বক্সনগরের আশাবাড়ি সীমান্তে বি.এস.এফ জওয়ানদের উপর হামলার ঘটনায় এখনও পর্যন্ত তিন মহিলা-সহ ১০ জন গ্রেপ্তার।

(৩) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর তিনদিনের রাজ্য সফরে এসেছেন।

(৪) রঞ্জি ট্রফিতে ঘরের মাঠে চতুর্থ ম্যাচে সৌরাষ্ট্রের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড পেল ত্রিপুরা।

****

Nomination :

রাজ্যে ২১টি পুর সংস্থার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ পর্যন্ত মোট ২৯১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর মধ্যে সিপিআই(এম)-এর ২২৪ জন, জাতীয় কংগ্রেসের ৫২ জন, বিজেপি'র ২ জন এবং অন্যান্য দলের ১৩ জন প্রার্থী রয়েছেন।

রাজ্য নির্বাচন কমিশনের সর্বশেষ তথ্য অনুযায়ী এখন পর্যন্ত সবচেয়ে বেশি প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন উদয়পুর পুর পরিষদে। সেখানে মোট ৪০ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এর মধ্যে সিপিআই(এম)-এর ২৩ জন, জাতীয় কংগ্রেসের ১৫ জন এবং অন্যান্য দলের ২ জন। দ্বিতীয় স্থানে রয়েছে ধর্মনগর পুর পরিষদ। সেখানে মোট ৩১ জন প্রার্থীর মনোনয়ন

জমা পড়েছে। এর মধ্যে সিপিআই(এম)-এর ২২ জন এবং জাতীয় কংগ্রেসের ৯ জন।

আগরতলা পুর নিগমের নির্বাচনে এখনও পর্যন্ত ৩৪ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এর মধ্যে সিপিআই(এম)-এর ২৫ জন এবং অন্যান্য দলের ৯ জন প্রার্থী রয়েছেন।

খোয়াই পুর পরিষদে ১৯ জন প্রার্থীর মনোনয়ন জমা পড়েছে। তাঁদের মধ্যে সিপিআই(এম)-এর ১৫ জন এবং জাতীয় কংগ্রেসের ৪ জন।

কৈলাসহর পুর পরিষদে মোট ১৮ জন প্রার্থীর মনোনয়ন জমা পড়েছে। এর মধ্যে সিপিআই(এম)-এর ১৮ জন।

একইভাবে বিশালগড় পুর পরিষদে ১৮ জন প্রার্থীর মধ্যে সিপিআই(এম)-এর ১১ জন এবং জাতীয় কংগ্রেসের ৭ জন রয়েছেন।

বিলোনিয়া পুর পরিষদে মোট ১৭ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এর মধ্যে সিপিআই(এম)-এর ১৫ জন এবং অন্যান্য দলের ২ জন।

সোনামুড়া নগর পঞ্চায়েতে ১৬ জনের মধ্যে সিপিআই(এম)-এর ১৬ জন এবং বিশ্রামগঞ্জ নগর পঞ্চায়েতে ১৬ জনের মধ্যে সিপিআই(এম)-এর ১১ জন ও জাতীয় কংগ্রেসের ৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

তাছাড়া আমবাসা পুর পরিষদে ১৪ জন প্রার্থীর মধ্যে সিপিআই(এম)-এর ১৪ জন, কুমারঘাট পুর পরিষদে ১৪ জনের মধ্যে সিপিআই(এম)-এর ৫ জন ও জাতীয় কংগ্রেসের ৯ জন এবং অমরপুর নগর পঞ্চায়েতে ১৩ জনের মধ্যে সিপিআই(এম)-এর ১৩ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। মেলাঘরে সিপিআই(এম)-এর ১৩ জন এবং তেলিয়ামুড়ায় সিপিআই(এম)-এর ৮ জন ও জাতীয় কংগ্রেসের ৩ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

পানিসাগর নগর পঞ্চায়েতে সিপিআই(এম)-এর ৬ জন প্রার্থী, সাব্রুম নগর পঞ্চায়েতে সিপিআই(এম)-এর ৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

তাছাড়া আজ মোহনপুর পুর পরিষদে বিজেপি'র ২ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন।

তবে কমলপুর নগর পঞ্চায়েত, শান্তিরবাজার পুর পরিষদ, রানিরবাজার পুর পরিষদ এবং জিরানিয়া নগর পঞ্চায়েত এখনও পর্যন্ত কোনও মনোনয়ন জমা পড়েনি।

****

BSF-ASHABARI :

সিপাহিজলা জেলার বক্সনগরের আশাবাড়িতে ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের কাছে বি.এস.এফ জওয়ানদের উপর হামলার ঘটনায় এখনো পর্যন্ত তিন মহিলা-সহ ১০ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকালের এই ঘটনায় কোম্পানি কমান্ডার-সহ তিন বি.এস.এফ জওয়ান আহত হয়েছেন। ধৃতদের আজ সোনামুড়া প্রথম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালতে সোপর্দ করা হয়। বিচারপতি ধৃত ৩ জন মহিলাকে ৪ দিনের জন্য জেল হাজতে এবং বাকি ৭ জনকে ৪ দিনের জন্য পুলিশ হেপাজতে পাঠানোর নির্দেশ দেন। এদিকে, বি.এস.এফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই.জি প্রিন্সিরানি ও সিপাহীজলা জেলার পুলিশ সুপার বিজয় দেববর্মা বক্সনগরে ঘটনাস্থল পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বি.এস.এফ-এর উপর হামলার ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন। তিনি জানান, হামলায় জড়িতদের কাউকেই রেহাই দেওয়া হবে না। দোষীদের আইনের আওতায় এনে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। নিরাপত্তা বাহিনীর উপর হিংসাত্মক হামলা কোনওভাবেই বরদাস্ত করা হবে না বলেও স্পষ্ট জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

****

Central Minister :

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর আজ তিনদিনের রাজ্য সফরে এসেছেন। আগামীকাল তিনি গোমতী জেলায় 'পূর্বোত্তর সম্পর্ক

সেতু' কর্মসূচি নিয়ে এক পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করবেন। এরপর তিনি 'খেত বাঁচাও' অভিযানে অংশ নেবেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আজ বিমানবন্দরে সাংবাদিকদের জানান, কেন্দ্রীয় প্রকল্পগুলি রাজ্যে সঠিকভাবে রুপায়ন করা হচ্ছে কিনা তা খতিয়ে দেখার উদ্দেশ্যেই এই সফর।

****

Birsha Munda :

আগামী ১৫ই নভেম্বর খোয়াইয়ের চা বাগান হাইস্কুল মাঠে জেলাভিত্তিক ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তী উদযাপন করা হবে। খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। অনুষ্ঠান উপলক্ষ্যে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা, সাঁওতাল ও অন্যান্য শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং খেলাধুলার আয়োজন করা হবে। অনুষ্ঠানে বিভিন্ন দপ্তর ও স্ব-সহায়ক দলের স্টল খোলা হবে।

****

School Education :

বিদ্যালয়ে পড়ুয়াদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা দপ্তরের আধিকারিকরা বিদ্যালয় পরিদর্শনের পাশাপাশি পড়ুয়াদের খোঁজখবর নিতে বাড়িতে যাওয়া শুরু করেছেন। বিদ্যালয় শিক্ষা দপ্তর সূত্রে জানা গেছে, পরিদর্শনকালে আধিকারিকরা বিদ্যালয়ের পঠন-পাঠনের মান, শিক্ষক-শিক্ষিকাদের দায়িত্ববোধ, বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ ইত্যাদি বিষয়গুলি খতিয়ে দেখছেন। পরিদর্শনের অন্যতম গুরুত্বপূর্ণ দিক হল অনিয়মিত পড়ুয়াদের বিদ্যালয়ে ফিরিয়ে আনা। আধিকারিকরা সন্তানদের নিয়মিত বিদ্যালয়ে পাঠানোর জন্য অভিভাবকদের প্রতি বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন।

****

DYFI Foundation Day :

আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আজ ডি.ওয়াই.এফ.আই-এর ৪৭তম প্রতিষ্ঠা দিবস পালিত হয়। উপস্থিত ছিলেন সি.পি.আই.এম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, ডি.ওয়াই.এফ.আই-এর সর্বভারতীয় সাধারণ সম্পাদক হিমম্নরাজ ভট্টাচার্য, রাজ্য নেতৃত্ব নবারুণ দেব, পলাশ ভৌমিক প্রমুখ। সি.পি.আই.এম রাজ্য সম্পাদক শ্রী চৌধুরী বলেন, যুবসমাজের ভবিষ্যৎ সুরক্ষিত করতে হলে শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ নিশ্চিত করা জরুরী।

****

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে পুনেতে প্রায় ২১ হাজার ৮০০ কোটি টাকা ব্যয়ে মেট্রো প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। তিনি বলেন, দৈনন্দিন জীবনে যখন নতুন জনপরিষেবা ও নাগরিক সুযোগ-সুবিধা যুক্ত হয়, তখন উৎসবের আনন্দ বহুগুণ বেড়ে যায়। তিনি বলেন, হিঞ্জেওয়াড়ি থেকে শিবাজিনগর পর্যন্ত মেট্রো করিডরের

উদ্বোধনের ফলে এই গুরুত্বপূর্ণ তথ্যপ্রযুক্তি কেন্দ্রের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত হবে। পাশাপাশি, আজ যে নতুন মেট্রো লাইনের সূচনা করা হয়েছে, তা শহরের পুরনো ও নতুন অংশের মধ্যে যোগাযোগ আরও সুদৃঢ় করবে। প্রধানমন্ত্রী মহারাষ্ট্রের জনগণকে দীপাবলির আন্তরিক শুভেচ্ছা জানান।

****

Solar L-1 :

ভারতের প্রথম মহাকাশ-ভিত্তিক সৌর পর্যবেক্ষণকারী উপগ্রহ, 'আদিত্য-এল-1', মহাকাশে শক্তিশালী সৌর অগ্নুৎপাত কীভাবে ছড়িয়ে পড়ে, সে সম্পর্কে নতুন তথ্য প্রদান করছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, আদিত্য-এল-1 তার সাতটি বৈজ্ঞানিক যন্ত্রের মাধ্যমে সূর্যের ওপর নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণ চালিয়ে যাচ্ছে। এর মধ্যে একটি হলো 'ভিজিবল এমিশন লাইন করোনাগ্রাফ', যার সাহায্যে সৌর অগ্নুৎপাত শনাক্ত করে মহাকাশের আবহাওয়ার উপর এর প্রভাব শনাক্ত করতে পারে। এই যন্ত্রটি গবেষকদের মহাকাশযানের দিকে বা বিপরীত দিকে উত্তপ্ত সৌর উপাদানের গতিবিধি শনাক্ত করতে সক্ষম হয়েছে। এটি কেবল ছবি থেকে প্রাপ্ত তথ্যের চেয়েও অনেক বেশি গুরুত্বপূর্ণ ও মূল্যবান তথ্য সরবরাহ করছে।

****

Delhi Defence Dialogue 3.0 :

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ নতুন দিল্লিতে দিল্লি ডিফেন্স ডায়ালগের তৃতীয় সংস্করণে বক্তব্য রাখতে গিয়ে বলেছেন, বিশ্বের সাম্প্রতিক সংঘাতগুলি যুদ্ধবিগ্রহের চরিত্র বদলে দিয়েছে। তিনি বলেন, যুদ্ধক্ষেত্র এখন কেবল স্থল, জল এবং আকাশের মধ্যে সীমাবদ্ধ নেই, বরং মহাকাশ, সাইবারস্পেস এবং ডিজিটাল ডোমেন পর্যন্ত প্রসারিত হয়েছে। তিনি বলেন, প্রতিরক্ষা সংস্কার, আত্মনির্ভরতা, সহযোগিতা এবং রপ্তানি মিলে দেশের প্রতিরক্ষা ব্যবস্থায় কাঙ্ক্ষিত পরিবর্তন এনেছে। তিনি উল্লেখ করেন, ভারতের প্রতিরক্ষা রপ্তানি

২০১৩-১৪ সালের প্রায় ৬৮৬ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০২৫-২৬ সালে ৩৮ হাজার ৪২৪ কোটি টাকায় দাঁড়িয়েছে। মন্ত্রী উল্লেখ করেছেন, এই প্রবৃদ্ধি আন্তর্জাতিক বাজারে ভারতীয় প্রতিরক্ষা পণ্যের ক্রমবর্ধমান গ্রহণযোগ্যতাকে প্রতিফলিত করে। তিনি বলেন, একবিংশ শতাব্দীতে সামরিক শক্তিকে প্রযুক্তিগত এবং শিল্প প্রস্তুতি থেকে আলাদা করা যায় না। তিনি জানান, দেশীয় উৎপাদন ক্ষমতা প্রসারিত করতে সরকার প্রতিরক্ষা শিল্প করিডোর স্থাপন করেছে।

****

Weather :

অন্ধ্রপ্রদেশ উপকূলে আছড়ে পড়ল ঘূর্ণিঝড় মুরাসু। ভারতীয় আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আজ ভোর সাড়ে ৩টা থেকে সাড়ে ৫টার মধ্যে অন্ধ্রপ্রদেশ উপকূলের নেল্লোর ও নরসাপুরের মধ্যবর্তী ওঙ্গোলের কাছে স্থলভাগে প্রবেশ করে ঘূর্ণিঝড়টি। তখন ঝড়ের গতিবেগ ছিল ঘন্টায় ১০০ থেকে সর্বোচ্চ ১২০ কিলোমিটার। ঘূর্ণিঝড়টি বর্তমানে উত্তর-উত্তর-পশ্চিম দিকে এগোচ্ছে এবং ক্রমশ শক্তি হারাচ্ছে। আজ মধ্যরাতের মধ্যে এটি গভীর নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। উত্তর-পূর্ব ভারতে ঘূর্ণিঝড়ের সরাসরি কোন প্রভাব পড়বে না।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে বলা হয়েছে, আগামী ২৪ ঘন্টায় আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের দিকে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রী সেলসিয়াস।

****

Ranji Trophy :

রঞ্জি ট্রফিতে ঘরের মাঠে চতুর্থ ম্যাচে সৌরাষ্ট্রের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড পেল ত্রিপুরা। প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে ২৬৮ রান করে ত্রিপুরা। জবাবে সৌরাষ্ট্র প্রথম ইনিংসে ১১৮ রানে অলআউট হয়ে যায়। ১৫০ রানে লিড নিয়ে ত্রিপুরা দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ৫৪ রান করেছে।

****

Football-Udaipur :

গোমতী জেলার চন্দ্রপুর সিন্থেটিক ফুটবল মাঠে আয়োজিত প্রেসিডেন্ট কাপ নকআউট ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে কাকড়াবন দল। ফাইনালে ৫-৪ গোলে আমরা বন্ধু দলকে হারিয়ে তারা চ্যাম্পিয়ন হয়।

****